১৩।

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JUN 1995
পৃষ্ঠা ১১ কলাম ১

যশোর বোর্ড

# তিন হাজার এইচএসসি পরীক্ষার্থী কালো তালিকাভুক্ত

মাইনুল হাসান ।। যশোর বোর্ডের অধীন আগন্ন এইচএসসি পরীক্ষায় তিন হাজার পরীক্ষার্থী কালো তালিকায় আছে। জানা গিয়াছে, তাহারা বিনানুমতিতে কলেজ পরিবর্তন ও রেজিস্ট্রেশনে অনিয়ম করিয়াছে। বোর্ড চেয়ারম্যান বৃহস্পতিবার জানান, বিনানুমতিতে কলেজ পরিবর্তনকারী পরীক্ষার্থীর সংখ্যা সবচাইতে বেশী। সংশ্লিষ্ট কলেজগুলির কাগজপত্র পরীক্ষা করা হইতেছে। এ মাসের মাঝামাঝি পর্যন্ত এ পরীক্ষা-নিরীক্ষা চলিবে। পরে চূড়ান্ত ব্যবস্থা নেওয়া হইবে। আগামী ৬ই জুলাই এইচ এস সি পরীক্ষা শুরু হইবে।